# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়** বিষয় কোড : ১৫০

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। কোন আন্দোলন সকল রাজনৈতিক আন্দোলনের অনুপ্রেরণা যুগিয়েছিল?
(ক) '৬৯ এর গণঅভ্যুত্থান
(খ) ভাষা আন্দোলন
(গ) শ্রমিক আন্দোলন
(ঘ) আওয়ামী লীগের আন্দোলন

২। ১৯৪৭ সালে ব্রিটিশ শাসনের অবসানের ফলে স্বাধীন হয়–
(i) বাংলাদেশ (ii) পাকিস্তান (iii) ভারত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

❑ **নিচের উদ্দীপকটি মনোযোগ সহকারে পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও ঃ**

X-একজন সমাজসেবী মানুষ। কিন্তু এলাকার চেয়ারম্যান তার অপশাসন দিয়ে এলাকার উন্নয়নকে বাধাগ্রস্ত করছিল। X সাহেব সর্বস্তরের মানুষকে সঙ্গে নিয়ে চেয়ারম্যানের বিরুদ্ধে রুখে দাঁড়ান এবং পরবর্তী নির্বাচনে জয়লাভ করেন। এতে চেয়ারম্যান তার বিরুদ্ধে ষড়যন্ত্র করতে থাকে।

৩। উদ্দীপকের সাথে নিচের কোন ঘটনার সাদৃশ্য পাওয়া যায়?
(ক) তমদ্দুন মজলিশ গঠন (খ) আওয়ামী লীগ গঠন
(গ) যুক্তফ্রন্ট গঠন (ঘ) গণআজাদী লীগ গঠন

৪। উক্ত সংগঠনটি গড়ে ওঠার কারণ–
(i) বাংলায় স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠা
(ii) মুসলিম লীগের পরাজয় ঘটানো
(iii) পাকিস্তানিদের কর্তৃত্ব থেকে এদেশের জনগণকে মুক্তি করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। আইয়ুব খান কত সালে সামরিক শাসন জারি করেন?
(ক) ১৯৫৮ (খ) ১৯৬১
(গ) ১৯৬৬ (ঘ) ১৯৬৯

৬। সূর্য মূলত কী দ্বারা গঠিত?
(ক) তরল পদার্থ (খ) কঠিন পদার্থ
(গ) গ্যাসীয় পদার্থ (ঘ) কঠিন ও তরলের মিশ্রণ

৭। কোন গ্রহের কোনো উপগ্রহ নেই–
(ক) শুক্র (খ) শনি
(গ) মঙ্গল (ঘ) নেপচুন

৮। সূর্য নিজ অক্ষের উপর আবর্তন করে কত দিনে?
(ক) ২৫ দিনে (খ) ৮৮ দিনে
(গ) ১৯ দিন ১২ ঘণ্টায় (ঘ) ১৬৫ বছরে

৯। পৃথিবী কোন শক্তির প্রভাবে বায়ুমণ্ডল ভূ-পৃষ্ঠের সাথে লেপ্টে আছে?
(ক) অভিকর্ষজ (খ) মাধ্যাকর্ষণ
(গ) আণবিক (ঘ) মহাকর্ষ

১০। কোন রেখাটি পৃথিবীকে উত্তর-দক্ষিণে সমান দুই ভাগে বিভক্ত করে?
(ক) নিরক্ষরেখা (খ) মধ্যরেখা
(গ) মেরুরেখা (ঘ) অক্ষরেখা

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১১নং ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**

রিতা তার বাবার মৃত্যুর পর সম্পদের একটি অংশ পাবে। বড় ভাই সেলিম সাহেব প্রত্যেক ভাই-বোনকে বাবার রেখে যাওয়া সম্পত্তি বণ্টনের ব্যবস্থা করেন।

১১। সেলিম সাহেব আইনের কোন উৎসটি প্রয়োগ করেছেন?
(ক) ন্যায় বোধ (খ) প্রথা
(গ) বিচার সংক্রান্ত (ঘ) ধর্ম

১২। সেলিম সাহেব যেভাবে সম্পত্তি ভাগ করবেন তাতে রিতা কত অংশ পাবে?
(ক) অর্ধেক (খ) এক তৃতীয়াংশ
(গ) এক চতুর্থাংশ (ঘ) সমান অংশ

১৩। 'The Modern State' গ্রন্থের রচয়িতা কে?
(ক) এরিস্টটল (খ) অধ্যাপক গার্নার
(গ) টি. এইচ. গ্রীণ (ঘ) আর. এম ম্যাকাইভার

১৪। Civics শব্দটি কোন ভাষার শব্দ?
(ক) ইংরেজি (খ) ল্যাটিন
(গ) গ্রীক (ঘ) ফার্সি

১৫। রাষ্ট্রবিজ্ঞানের জনক কে?

(ক) জনলক (খ) ম্যাকাইভার

(গ) এরিস্টটল (ঘ) রুশো

১৬। টেকসই উন্নয়নের লক্ষ্য বা অভীষ্ট কয়টি?

(ক) ৮টি (খ) ১৭টি

(গ) ১৯টি (ঘ) ২১টি

১৭। এসডিজি অর্জনে সমাজের কোন শ্রেণির মানুষের কথা চিন্তা করা হচ্ছে?

(ক) নিম্ন শ্রেণি

(খ) মধ্যশ্রেণি

(গ) উচ্চ শ্রেণি

(ঘ) সকল শ্রেণি-পেশার

১৮। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে–

(i) অর্থনৈতিক বিবেচনায়

(ii) সামাজিক বিবেচনায়

(iii) সামাজিক সূচকের নিরীখে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯। কত সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে উন্নীত হওয়ার স্বপ্ন দেখছে?

(ক) ২০২১ (খ) ২০৩০

(গ) ২০৩১ (ঘ) ২০৪১

২০। কোন পরিবর্তনের প্রভাব বিশ্বের সচেতন মানুষকে শঙ্কিত করে তুলেছে?

(ক) জন্মহার (খ) জলবায়ু

(গ) তাপমাত্রা (ঘ) সামাজিক সূচক

২১। অভাব → প্রচেষ্টা → উৎপাদন→ [?] → ভোগ '?' চিহ্নিত স্থানে কী হবে?

(ক) বণ্টন (খ) সঞ্চয়

(গ) বিনিয়োগ (ঘ) উপযোগ

২২। নিচের কোনটি সমষ্টিগত সম্পদ?

(ক) ঘরবাড়ি (খ) বনাঞ্চল

(গ) সাগর (ঘ) কলকারখানা

২৩। কোন অর্থ ব্যবস্থায় অর্জিত মুনাফার মালিক রাষ্ট্র?

(ক) ধনতান্ত্রিক (খ) সমাজতান্ত্রিক

(গ) মিশ্র (ঘ) ইসলামি

২৪। উৎপাদনের ক্ষেত্রে যেসব পারিতোষিক দেয়া হয় সেগুলি হলো–

(i) খাজনা ও মজুরী (ii) সুদ ও মুনাফা

(iii) সম্পদ ও ব্যবহার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫। কোনো দ্রব্যের অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?

(ক) উপযোগ (খ) উৎপাদন

(গ) বণ্টন (ঘ) চাহিদা

২৬। সামাজিক পরিবর্তনের সূচনা করে কোনটি?

(ক) সংস্কৃতি (খ) সমাজ

(গ) শিশুশ্রম (খ) নৈরাজ্য

২৭। সামাজিক পরিবর্তনের গতি কীরূপ?

(ক) ধীর (খ) দ্রুত

(গ) ধীর ও দ্রুত (ঘ) মধ্যম

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**

ঢাকা শহরের অদূরেই X উপজেলা অবস্থিত। উন্নত যোগাযোগ ব্যবস্থার ফলে এই অঞ্চলে নানান শিল্প কারখানা গড়ে উঠেছে। বিভিন্ন অঞ্চল হতে নানা শ্রেণির লোক এখানকার শিল্পকারখানা কাজ নিচ্ছে। এর ফলে উপজেলাটি একটি বাণিজ্য নগরীতে পরিণত হয়েছে।

২৮। উদ্দীপকের X উপজেলার সাথে নিচের কোনটির মিল আছে?

(ক) কুমিল্লা (খ) খালিশপুর

(গ) নবাবগঞ্জ (ঘ) সৈয়দপুর

২৯। উদ্দীপকে সমাজ পরিবর্তনের যে উপাদান সমূহ লক্ষ্যনীয়–

(i) শিল্পায়ন (ii) নগরায়ন

(iii) যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩০। যৌথ পরিবার ভাঙনের কারণ কী?

(ক) পারিবারিক বিশৃঙ্খলা (খ) কলহ বৃদ্ধি

(গ) নারী শিক্ষা (ঘ) শিল্পায়ন

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ জীববিজ্ঞান** বিষয় কোড : ১৩৮

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ২৫

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। কেমোসিনথেটিক বা ফটোসিনথেটিক পদ্ধতিতে খাদ্য প্রস্তুত করে কোন রাজ্যের জীব?

(ক) মনেরা (খ) প্রোস্টিস্টা

(গ) ফাইজাই (ঘ) প্লানটি

২। টমাস কেভলিয়ার কোন বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলেন?

(ক) অক্সফোর্ড (খ) স্টানফোর্ড

(গ) নিউইয়র্ক (ঘ) ক্যালিফর্নিয়া

৩। ICBN স্বীকৃত শ্রেণিবিন্যাসের ধাপসমূহ বড় থেকে ছোট ক্রমধারায় নিম্নরূপ–

(ক) Phylum > Class > Order > Family > Genus > Species

(খ) Kingdom > Phylum > Class > Order > Family > Genus > Species

(গ) Class > Phylum > Order > Family > Genus > Species

(ঘ) কোনটিই সঠিক নয়

৪। মানুষের ক্ষেত্রে বলা যায়–

(i) হেটারোট্রফিক ও জটিল টিস্যু

(ii) ডিপ্লয়েড গ্যামেট সৃষ্টিকারী

(iii) ভ্রূণ বিকাশ করে ভ্রূণীয় স্তর সৃষ্টি হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৫। কোষে ক্রোমোটিন বস্তু থাকে কিন্তু কিউক্লিওলাস ও নিউক্লিয়ার পর্দা নেই কোনটির?

(ক) Nostoc (খ) Spyrogyra

(গ) Penicillium (ঘ) Shaccaro myces

৬। প্রোটিস্টা রাজ্যভুক্ত জীবদের যৌন প্রজনন ঘটে কোন প্রক্রিয়ায়?

(ক) অ্যামাইটোসিস (খ) কনজুগেশন

(গ) মাইটোসিস (ঘ) মিয়োসিস

৭। কোষীয় অঙ্গাণু পর্যবেক্ষণের জন্য কোন ধরণের অনুবীক্ষণ যন্ত্রের ব্যবহার করা হয়?

(ক) ইলেকট্রন অনুবীক্ষণ যন্ত্র

(খ) আলোক অনুবীক্ষণ

(গ) জটিল অনুবীক্ষণ যন্ত্র

(ঘ) সরল অনুবীক্ষণ যন্ত্র

৮। নিচের কোনটি অন্ত:ক্ষরা গ্রন্থি নয়?

(ক) সুপ্রারেনাল (খ) প্যারাথাইরয়েড

(গ) ল্যারিংস (ঘ) আইলেট্স অব ল্যাঙ্গারহ্যান্স

৯। জটিল অনুবীক্ষণ যন্ত্রে ফোকাসের সূক্ষ্ম সমন্বয় করে কোনটি?

(ক) আইপিস (খ) কোর্স অ্যাডজাস্টমেন্ট নব

(গ) ফাইন অ্যাডজাস্টমেন্ট নব (ঘ) স্টেজ

১০। কার্ডিয়াক পেশির ক্ষেত্রে–

(i) এতে ইন্টারক্যালাটেড ডিস্ক থাকে

(ii) এরা শাখান্বিত ও আড়াআড়ি দাগযুক্ত

(iii) সব পেশিগুলো সমন্বিতভাবে সংকুচিত বা প্রসারিত হয়

নিচের কোনটি সঠিক?

(K) ii ও iii (L) i ও ii

(M) i ও iii (N) i, ii ও iii

১১। A=Erythrocytes, B=Thrombocytes, C=Leukocytes ও D=Lymphoid cells হলে রোগ প্রতিরোধে ভূমিকা রাখবে–

(ক) A ও B (খ) A ও D

(গ) B ও C (ঘ) C ও D

১২। ক্ষণপদযুক্ত আবরণী টিস্যু দেখা যায়–

(ক) হাইড্রার এন্ডোডার্মে

(খ) মেরুদন্ডীদের শ্বাসনালিতে

(গ) মেরুদণ্ডীদের অন্ত্রে

(ঘ) জননাঙ্গে

১৩। নিম্নের কোন উদ্ভিদে ফ্লোয়েম প্যারেনকাইমা থাকে না?

(ক) ফার্ণ (খ) দ্বিবীজপত্রী উদ্ভিদ

(গ) নগ্নজীবী উদ্ভিদ (ঘ) একবীজপত্রী উদ্ভিদ

১৪। উদ্ভিদ টিস্যুর ক্ষেত্রে-

(i) ফার্ণে সঙ্গী কোষ থাকে না

(ii) পরিণিত ভেসেল প্রোটোপ্লাজমহীন হয়

(iii) বহুকোষী শৈবালের কর্টেজে ক্লোরাইড থাকে

নিচের কোনটি সঠিক?

(ক) ii ও iii (খ) i ও ii

(গ) i I iii (ঘ) i, ii I iii

১৫। ATP এর প্রান্তীয় অনুতে কত জুল শক্তি থাকে?

(ক) ৭.৩ (খ) ৭৩০০

(গ) ৩০৫৫ (ঘ) ৩০.৫৫

১৬। সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার ক্ষেত্রে−

(i) পানি বিজারিত হয়

(ii) $C_4$ উদ্ভিদের $C_3$ চক্র সংঘটিত হয়

(iii) সালোকসংশ্লেষণের আলেক পর্যায়ে অক্সিজেন তৈরি হয়

নিচের কোনটি সঠিক?

(ক) ii ও iii (খ) i ও ii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৭। ৩ অনু গ্লুকোজ হতে শুধুমাত্র ইলেকট্রন প্রবাহতন্ত্রে কত অনু ATP পাওয়া যায়?

(ক) ১০৮ (খ) ১১৪

(গ) ১০২ (ঘ) ৯৬

১৮। পত্ররন্ধ্র কোন অবস্থাতে বন্ধ হয়ে যায়?

(ক) বাতাসে $CO_2$ এর পরিমাণ বেড়ে গেলে

(খ) পাতায় $H_2O$ এর পরিমাণ বৃদ্ধি হলে

(গ) বাতাসে $O_2$ এর ঘনত্ব বেড়ে গেলে

(ঘ) বাতাসে $SO_2$ এর পরিমাণ ১% এর কম হলে

১৯। চীনে কোন ধরণের থ্যালাসেমিয়া বেশি হয়?

(ক) আলফা থ্যালাসেমিয়া (খ) পাই থ্যালাসেমিয়া

(গ) বিটা থ্যালাসেমিয়া (ঘ) গামা থ্যালাসেমিয়া

২০। কর্টিস বার্নারের মতে কোনটির পরিবর্তনকে বিবর্তন বলা হয়?

(ক) অ্যালিল ফ্রিকোয়েন্সি (খ) ডিএনএ ফ্রিকোয়েন্সি

(গ) জেনেটিক ফ্রিকোয়েন্সি (ঘ) লোকাস ফ্রিকোয়েন্সি

নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

মানুষের ক্রোমোজোমে বিদ্যমান এক ধরণের পলিনিউক্লিওটাইড যৌথ হচ্ছে A যা প্রোটিন উৎপাদনকালে B নামক অপর ধরণের পলিনিউক্লিওটাইড যৌগ উৎপাদন করে। এছাড়াও মানবদেহের সেক্স ক্রোমোজোমের ত্রুটিজনিত কারণে এক ধরণের রোগ C হয়ে থাকে।

২১। নিউক্লিওটাইডের প্রতিটি অনুতে থাকে−

(ক) পিউরিন+ট্রায়োজ সুগার+ফসফেট

(খ) ক্ষার+প্রোটিন+ফসফেট

(গ) ক্ষার+পেন্টোজ সুগার+ফসফাটেজ

(ঘ) ফসফেট+নাইট্রোজেন+ক্ষার+পেন্টোজ সুগার

২২। মানবদেহের ক্ষেত্রে উদ্দীপক অনুসারে−

(i) B যৌগটি সাইটোপ্লাজমে প্রোটিন উৎপাদন করে

(ii) A=DNA & C=AIDS

(iii) C-এর জিন Y-ক্রোমোজোমে থাকে না

নিচের কোনটি সঠিক?

(ক) ii ও iii (খ) i ও ii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৩। ক্রোমোজোম আবিষ্কার করেন কে?

(ক) মেন্ডেল, ১৮৬৯ সাল

(খ) রবার্ট ব্রাউন, ১৮৩১ সাল

(গ) ওয়াটসন ও ক্রীক, ১৯৫১

(ঘ) স্ট্রাসবুর্গার, ১৮৭৫

২৪। Physical basis of heredity বলা হয় কাকে?

(ক) জিন (খ) ক্রোমোজোম

(গ) DNA (ঘ) RNA

২৫। DNA ডাবল হেলিক্সের একটি সূত্রকে ৫০ জোড়া নিউক্লিওটাইডের মোট দূরত্ব−

(ক) ১৭০ ন্যানেমিটার (খ) ১৭০০ ন্যানেমিটার

(গ) ৩৪০ ন্যানেমিটার (ঘ) ৩৪০০ ন্যানেমিটার

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ হিসাব বিজ্ঞান** বিষয় কোড :

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। ব্যবসা বাণিজ্য বিস্তার লাভ করার কারণ কোনটি?
(ক) মুদ্রার প্রচলন
(খ) বিশ্বায়নের যুগ
(গ) বিনিময় প্রথা বিলোপ সাধন
(ঘ) হিসাব বিজ্ঞানের ব্যবহার

২। আর্থিক তথ্যাবলি সংশ্লিষ্ট পক্ষকে জানানো হিসাব বিজ্ঞানের কী?
(ক) উদ্দেশ্য (খ) সুবিধা
(গ) অসুবিধা (ঘ) সীমাবদ্ধতা

৩। মূল্যবোধ সৃষ্টিতে হিসাব বিজ্ঞানে সহায়তা করে–
(i) সততা ও দায়িত্ববোধের বিকাশে
(ii) ধর্মীয় মূল্যবোধে সৃষ্টিতে
(iii) ঋণ পরিশোধে সচেতনতা সৃষ্টিতে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii

৪। কোনটি সম্পদ ও মালিকানাস্বত্ব উভয়কে হ্রাস করে?
(ক) ধারে পণ্য ক্রয়
(খ) স্থায়ী সম্পদ বিক্রয়
(গ) কারবার হতে নগদ উত্তোলন
(ঘ) ঋণ পরিশোধ

❑ উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :
২০১৮ সালের ১ জানুয়ারী মি. অপু নগদ ২,০০,০০০ টাকা; ৪০,০০০ টাকা মূল্যের কম্পিউটার ও ৩০,০০০ টাকার ব্যাঙ্ক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। জানু ১০; তিনি চেকের বিনিময়ে মি. তুনানের কাছে ৯০,০০০ টাকা মূল্যের পণ্য বিক্রয় করেন।

৫। মি. অপুর প্রারম্ভিক মূলধন কত টাকা?
(ক) ৪০,০০০ টাকা (খ) ২,০০,০০০ টাকা
(গ) ২,৪০,০০০ টাকা (ঘ) ২,৭০,০০০ টাকা

৬। ৯০,০০০ টাকা দ্বারা হিসাব সমীকরণের প্রভাব হচ্ছে–
() A উপাদান বৃদ্ধি পাচ্ছে
(ii) L উপাদান বৃদ্ধি পাবে
(iii) E উপাদান বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি বা বৈশিষ্ট্য–
(ক) ৫টি (খ) ৪টি
(গ) ৬টি (ঘ) ৩টি

৮। ভাউচারের ওপর ভিত্তি করে কোন বই লেখা হয়?
(ক) ক্রয় জাবেদা (খ) বিক্রয় জাবেদা
(গ) ক্রয় ফেরত জাবেদা (ঘ) নগদ প্রদান জাবেদা

৯। আর্থিক বিবরণী প্রস্তুতের সময় কোন জাবেদার প্রয়োজন হয়?
(ক) সমন্বয় জাবেদা (খ) প্রারম্ভিক জাবেদা
(গ) সমাপনী জাবেদা (ঘ) সংশোধনী জাবেদা

১০। হিসাবচক্রের চতুর্থ ধাপে করা হয়–
(i) জাবেদাভুক্তকরন
(ii) পৃথক শিরোনামে লিপিবদ্ধকরণ
(iii) প্রতিটি হিসাবের উদ্বৃত্ত নির্ণয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। কোনটি মূলধন জাতীয় ব্যয়?
(ক) ঋণগ্রহণ
(খ) বহিঃ পরিবহন
(গ) নতুন দালানের নির্মাণ ব্যয়
(ঘ) বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয়

১২। কোন জাতীয় ব্যয়ের উপযোগিতা পরবর্তী হিসাবকালেও পাওয়া যায়?
(ক) অফিস ব্যয় (খ) মুনাফা জাতীয় ব্যয়
(গ) মূলধন জাতীয় ব্যয় (ঘ) পরিচালন ব্যয়

১৩। যন্ত্রপাতি মেরামত খরচ কোন জাতীয় ব্যয়?
(ক) মুনাফা জাতীয় (খ) মূলধন জাতীয়
(গ) মূলধনায়িত (ঘ) বিলম্বিত মুনাফা জাতীয়

১৪। আর্থিক অবস্থার বিবরণীতে লিপিবদ্ধ হবে–
(i) মুনাফা জাতীয় ব্যয়
(ii) মূলধন জাতীয় ব্যয়
(iii) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i ও iii

❑ উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:
শিক্ষানবিশ সেলামী বাবদ বর্তমান বছরে ১৪,০০০ টাকা পাওয়া গেল, কিন্তু এর মধ্যে ৫,০০০ টাকা আগামী বছর সংক্রান্ত।

১৫। চলতি বছরের মুনাফা জাতীয় আয় কত হবে?
(ক) ১৪,০০০ টাকা (খ) ৫,০০০ টাকা
(গ) ১৯,০০০ টাকা (ঘ) ৯,০০০ টাকা

১৬। এ খাতে ৩ বছরের মুনাফা জাতীয় প্রাপ্তি হবে–
(ক) ১৯,০০০ টাকা (খ) ১৪,০০০ টাকা
(গ) ৫,০০০ টাকা (ঘ) ৯,০০০ টাকা

১৭। বাট্টা প্রাপ্তির জন্য কোনো হিসাবকে ডেবিট করা হয়?
(ক) নগদান (খ) ব্যাঙ্ক
(গ) দেনাদার (ঘ) পাওনাদার

১৮। বিনামূল্যে পণ্য বিতরণ ১,০০০ টাকা-এ ক্ষেত্রে কোন হিসাবটিকে ক্রেডিট করতে হবে?
(ক) ক্রয় হিসাব (খ) বিজ্ঞাপন হিসাব
(গ) মনিহারি হিসাব (ঘ) বিবিধ হিসাব

১৯। কারবারের ব্যবহারের উদ্দেশ্য ক্রীত সম্পত্তি বিক্রয় করা হলে কোন হিসাবটি ক্রেডিট হবে?
(ক) ক্রয় (খ) সংশ্লিষ্ট সম্পত্তি
(গ) নগদান (ঘ) বিক্রয়

২০। ভাড়া ও উপভাড়া সম্পর্কে সঠিক উক্তি কোনটি?
(ক) একই অর্থ বহন করে (খ) উভয়ই প্রাপ্তি
(গ) উভয় খরচ (ঘ) ভিন্ন অর্থ বহন করে

২১। নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?
(ক) ঋণ পরিশোধ (খ) নগদে পণ্য ক্রয়
(গ) নগদে পণ্য বিক্রয় (ঘ) ব্যাংকে জমা

২২। নগদান বইয়ের ব্যাঙ্ক উদ্বৃত্ত ও ব্যাঙ্ক বিবরণীর উদ্বৃত্ত গড়মিলের কারণ–
(i) চেক প্রত্যাখ্যান (ii) ব্যাঙ্ক চার্জ
(iii) ব্যাঙ্ক জমার সুদ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩। প্রাপ্য কমিশন কোন জাতীয় হিসাব?
(ক) আয় (খ) ব্যয়
(গ) সম্পদ (ঘ) সম্পদ

২৪। উত্তোলনের সুদ কী?
(ক) মালিকের আয় (খ) ব্যবসায়ের আয়
(গ) ব্যবসায়ের ব্যয় (ঘ) ব্যবসায়ের আয়

২৫। ক্রয় করে প্রদত্ত চেক প্রত্যাখ্যাত হলে প্রস্তাবিত হয়–
(i) প্রদেয় হি. (ii) ক্রয় হি. (iii) ব্যাঙ্ক হিসাব
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i ও iii

২৬। বাট্টা প্রাপ্তির সাথে নিচের কোনটির সম্পর্ক রয়েছে?
(ক) দেনাদার (খ) পাওনাদার
(গ) বিক্রয় হিসাব (ঘ) ক্রয় হিসাব

২৭। হিসাব প্রক্রিয়ায় জাবেদার কাজকে কী বলে?
(ক) শ্রেণি বিন্যাসকরণ (খ) সংক্ষিপ্তকরণ
(গ) শুদ্ধিকরণ (ঘ) লিপিবদ্ধকরণ

২৮। খতিয়ান সম্পর্কে সঠিক উক্তি হলো–
(i) হিসাবের স্থায়ী ভাণ্ডার
(ii) লেনদেনের সবশেষ আশ্রয়স্থল
(iii) খতিয়ানের উদ্বৃত্ত হতে রেওয়ামিল প্রস্তুত করা যায় না
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

২৯। যেসব কারণে পাসবই ও নগদান বইয়ের পার্থক্য হয় তার মধ্যে প্রধান কারণ কোনটি?
(ক) সময়ের ব্যবধান (খ) অবস্থাগত ও দূরত্ব
(গ) ইচ্ছাকৃত অবহেলা (ঘ) ব্যাঙ্কের অবহেলা

৩০। পণ্য বিক্রয় বা পাওনা আদায় বাবদ প্রতিষ্ঠান চেক পেলে তা কী বলে গণ্য হবে?
(ক) বাহক চেক (খ) খোলা চেক
(গ) দাগকাটা চেক (ঘ) নিরাপদ চেক

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ রসায়ন** বিষয় কোড :

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ২৫

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। প্রাচীন এবং মিশরীয় সভ্যতা কি নামে পরিচিত?
(ক) আল-কেমী (খ) আল-কেমিয়া
(গ) আল-বেরুনী (ঘ) আল-আরব

২। অনুসন্ধান ও গবেষণা প্রক্রিয়ার তৃতীয় ধাপ কোনটি?
(ক) বিষয়বস্তু সম্পর্কে সম্যক জ্ঞানার্জন
(খ) কাজের পরিকল্পনা প্রণয়ন
(গ) ফলাফল সম্পর্কে আগাম ধারণাকরণ
(ঘ) প্রয়োজনীয় বস্তু ও পরীক্ষা প্রণালী নির্ধারণ

৩। কপারের সাথে কোন ধাতুকে গলিয়ে ব্রোঞ্জ তৈরী করা হয়?
(ক) লোহা (খ) জিংক
(গ) টিন (ঘ) লেড

৪। কোনটির আবিষ্কার মানব সভ্যতাকে অনেকদূর এগিয়ে নিয়েছে?
(ক) ডুরালুমিন (খ) কাঁসা
(গ) ব্রোঞ্জ (ঘ) তাম্রমল

৫। নিম্নের কোন গ্যাসের ব্যাপন হার বেশী?
(ক) $CO_2$ (খ) $SO_3$
(গ) $COCl_2$ (ঘ) $PH_3$

৬। চাপে অত্যাধিক সংকোচনশীল নিম্নের কোন পদার্থ?
(ক) NaCl (খ) $NaCO_3$
(গ) $H_2O(l)$ (ঘ) $H_2O(g)$

৭। নিম্নের কোনটির বর্ণ সাদা?
(ক) $KMnO_4$ **(খ) N**$H_4Cl$
(গ) $Fe(OH)_2$ (ঘ) $Fe(OH)_3$

৮। একটি নিউট্রনের প্রকৃত আধান কত?
(ক) $1.60\times10^{-19}C$
(খ) $-1.60\times10^{-19}C$
(গ) $1.675\times10^{-24}C$
(ঘ) $9.11\times0^{19}C$

৯। নিম্নের কোনটি উর্ধপাতিত বস্তু নয়?
(ক) $NH_4Cl$ (খ) $CaCO_3$
(গ) $C_{10}H_8$ (ঘ) $I_2$

১০। মোম জ্বালানোর সময় নিম্নের কোনটি সংঘটিত হয়?
(ক) ভৌত পরিবর্তন
(খ) রাসায়নিক পরিবর্তন
(গ) ভৌত পরিবর্তন ও রাসায়নিক পরিবর্তন
(ঘ) ভৌত অবস্থা অপরিবর্তিত থাকে

১১। একটি নিউট্রন এবং একটি ইলেকট্রনের আপেক্ষিক ভরের অনুপাত কত?
(ক) 1:1840
(খ) 1840:1
(গ) $1.675\times10^{-24}$; $9.11\times10^{-28}$
(ঘ) $9.11\times10^{-28}$; $1.675\times10^{-24}$

১২। ডিউটেরিয়ামের পর্যাপ্ততার হার 0.015% হলে তিন লক্ষ হাইড্রোজেন পরমাণুর মধ্যে ডিউটেরিয়ামের সংখ্যা কত?
(ক) 299955 (খ) 0.015
(গ) 45 (ঘ) 99.98

১৩। ম্যাগনেসিয়ামের একটি পরমাণুর প্রকৃত ভর কত?
(ক) $6.023\times10^{-23}$ গ্রাম
(খ) $3.987\times10^{-23}$ গ্রাম
(গ) 24 গ্রাম
(ঘ) $4.485\times10^{-23}$ গ্রাম

১৪। থাইরয়েড গ্রন্থির কোষ-কলা বৃদ্ধি প্রতিহত করে কোনটি?
(ক) $131_l$ (খ) $32_p$
(গ) $153_{sm}$ (ঘ) $238_{pu}$

১৫। পরমাণুতে 3d, 4s, 4p, 5s অরবিটাল সমূহের মধ্যে কোন অরবিটাল সর্বপ্রথম ইলেকট্রন পাবে?
(ক) 3d (খ) 4s
(গ) 4p (ঘ) 5s

১৬। কপারের সর্বশেষ কক্ষপথে কতটি ইলেকট্রন আছে?
(ক) ১ (খ) ২
(গ) ১১ (ঘ) ১৮

১৭। নিম্নের তথ্যগুলো লক্ষ কর ঃ

(i) তেজস্ক্রিয় আইসোটোপ টেকনিশিয়াম-৯৯ এর লাইফটাইম ৬ ঘণ্টা

(ii) টিউমারের উপস্থিতি নির্ণয়ে তেজস্ক্রিয় আইসোটোপ $60_{Co}$ ব্যবহার করা হয়।

(iii) সর্বপ্রথম লিউকোমিয়া চিকিৎসায় তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহার করা হয়?

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮। নীলস বোরের পরমাণু মডেল কত সালে প্রকাশিত হয়?

(ক) ১৭৭৮ (খ) ১৯১১

(গ) ১৯১৩ (ঘ) ১৯৩২

১৯। প্রকৃতিতে প্রাপ্ত মৌলের সংখ্যা কত?

(ক) ১১৮ (খ) ১০৪

(গ) ৯৮ (ঘ) ৬৭

২০। নিম্নের কোনটি নিউক্লিয়ন?

(ক) ইলেকট্রন (খ) প্রোটন

(গ) মেসন (ঘ) নিউট্রিনো

২১। তুঁতের মধ্যে কি পরিমাণ কেলাস পানি আছে?

(ক) ৫ গ্রাম (খ) ২৫ গ্রাম

(গ) ৩৬.০৭ গ্রাম (ঘ) ৯০ গ্রাম

❑ **নিম্নের উদ্দীপকটি লক্ষ্য করে ২২-২৩নং প্রশ্নের উত্তর দাও :**

"২২ গ্রাম ফ্লোরিনের সাথে ০.৭৫ গ্রাম হাইড্রোজেনের বিক্রিয়া ঘটানো হল"

২২। উদ্দীপক অনুসারে লিমিটিং বিক্রিয়ক কোনটি?

(ক) ফ্লোরিন

(খ) হাইড্রোজেন

(গ) হাইড্রোজেন ফ্লোরাইড

(ঘ) ফ্লোরাইড আয়ন

২৩। উদ্দীপক অনুসারে সর্বোচ্চ কি পরিমাণ হাইড্রোজেন ফ্লোরাইড উৎপন্ন হবে?

(ক) ৪০ গ্রাম (খ) ২০ গ্রাম

(গ) ১৫ গ্রাম (ঘ) ১০ গ্রাম

২৪। তুঁতে কেলাস পানির শতকরা পরিমাণ কত?

(ক) ৯০% (খ) ৩৬.০৭%

(গ) ১৮% (ঘ) ৫%

২৫। প্রমাণ তাপমাত্রা ও চাপে ৭ গ্রাম নাইট্রোজেন গ্যাসের আয়তন কত?

(ক) ৪৪.৮ লিটার (খ) ২২.৪ লিটার

(গ) ১১.২ লিটার (ঘ) ৫.৬ লিটার

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ বিজ্ঞান** বিষয় কোড :

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। কোনটি কঠিন স্নেহ পদার্থ?
(ক) সয়াবিন তেল (খ) মাছের তেল
(গ) সরিষার তেল (ঘ) সূর্যমুখী তেল

২। HIV নিচের কোনটিকে আক্রমণ করে?
(ক) লোহিত রক্তকণিকা (খ) শ্বেত রক্তকণিকা
(গ) অণুচক্রিকা (ঘ) রক্তরস

৩। পুষ্টি বিশারদগণ পুষ্টির উৎসকে কয়টি শ্রেণিতে ভাগ করেছেন?
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

৪। ভিটামিন C এর অভাবে কোন রোগ হয়?
(ক) স্কার্ভি (খ) অ্যামিনিয়া
(গ) বেরিবেরি (ঘ) রাতকানা

৫। আমিষে শতকরা কতভাগ নাইট্রোজেন বিদ্যমান?
(ক) ১২% (খ) ১৫%
(গ) ১৬% (ঘ) ২০%

৬। ব্রাইন হল–
(i) লবণের দ্রবণ
(ii) চিনির দ্রবণ
(iii) ফরমালিন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। পানি কী ধরণের পদার্থ?
(ক) ক্ষারীয় (খ) এসিডীয়
(গ) উভধর্মী (ঘ) নিরপেক্ষ

৮। হিমবাহ ও তুষার স্রোতে পানি কী আকারে থাকে?
(ক) বরফ (খ) তরল
(গ) গ্যাসীয় (ঘ) কঠিন

৯। পানি বিশুদ্ধ করণের জন্য যে ট্যাবলেট ব্যবহার করা হয় সেটি কী?
(ক) $NaOCl$ (খ) $NaOH$
(গ) $NaCl$ (ঘ) $Na_2O$

১০। PH মান খুব কমে গেলে জলজ প্রাণীদের দেহ থেকে কোন পদার্থটি বাইরে চলে আসে?
(ক) ম্যাগনেসিয়াম (খ) ক্যালসিয়াম
(গ) আয়রণ (ঘ) সোডিয়াম

১১। বয়লারের ক্ষয় সাধন করে কোন পানি?
(ক) নদীর পানি (খ) পুকুরের পানি
(গ) হ্রদের পানি (ঘ) সমুদ্রের পানি

১২। মরা নদী হলো–
(i) মনোজ (ii) বড়াল (iii) বিবিয়ানা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩। কোন রক্ত গ্রুপকে সর্বজনীন রক্তগ্রহীতা গ্রুপ বলা হয়–
(ক) A (খ) B
(গ) AB (ঘ) O

১৪। রক্তের কোলেস্টেরলের স্বাভাবিক পরিমাণ কত?
(ক) ৫০-১০০mg/dl (খ) ১০০-২০০ mg/dl
(গ) ২০০-২৫০ mg/dl (ঘ) ২৫০-৩০০ mg/dl

১৫। Rh ফ্যাক্টর নামকরণ হয়েছে নাম অনুসারে–
(ক) রেসাস হনুমান (খ) রেসাস বানর
(গ) রেসাস বেবুন (ঘ) রেসাস গণ্ডার

১৬। ডান নিলয় থেকে কোনটি উৎপত্তি হয়?
(ক) মহাশিরা (খ) অলিন্দ
(গ) ফুসফুসীয় ধমনি (ঘ) কৈশিক জালিকা

১৭। শ্বেত কণিকার গড় আয়ু কত দিন?
(ক) ১-১৫ (খ) ১-১৪
(গ) ১-১৩ (ঘ) ১-১২

১৮। কোনটি রেচন পদার্থ?
(ক) লেসিথিন (খ) অ্যামোনিয়া
(গ) অ্যালবুমিন (ঘ) বিলিরুবিন

১৯। ইলিশ মাছের হৃৎপিণ্ড কয় প্রকোষ্ঠ বিশিষ্ট?
(ক) দুই (খ) সম্পূর্ণভাবে তিন
(গ) অসম্পূর্ণ চার (ঘ) চার

২০। মেয়েদের শরীরের বিভিন্ন পরিবর্তনের জন্য কয়টি হরমোন দায়ী?
(ক) ২টি (খ) ৪টি
(গ) ৬টি (ঘ) ৮টি

২১। কোথায় থেকে সর্বপ্রথম জীবনের উৎপত্তি হয়েছিল?
(ক) নদীর পানিতে (খ) ঝরণার পানিতে
(গ) সমুদ্রের পানিতে (ঘ) পুকুরের পানিতে

২২। নিচের কোনটি জীবও নয়, জড়ও নয়?

(ক) ব্যাকটেরিয়া (খ) ভাইরাস

(গ) ছত্রাক (ঘ) স্পঞ্জ

২৩। অসম্পূর্ণভাবে বিভক্ত দুটি নিলয় থাকে কোনটিতে?

(ক) ব্যাঙে (খ) পাখিতে

(গ) মাছে (ঘ) সরীসৃপে

২৪। মানুষের লুপ্তপ্রায় অঙ্গ হচ্ছে–

(i) লেজ (ii) অ্যাপেনডিক্স (iii) কক্সিক্স

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৫। পলিথিন তৈরিতে কত তাপমাত্রা দরকার?

(ক) ২০০°c (খ) ১০০০°c

(গ) ১১০০°c (ঘ) ১২০০°c

২৬। নিচের কোনটি কৃত্রিম তন্তু?

(ক) উল (খ) সিল্ক

(গ) রেয়ন (ঘ) অ্যাসবেস্টস

২৭। রেশম পোকা হতে তৈরি হওয়া শুটির নাম কী?

(ক) কোকেন (খ) কোকুন

(গ) কেকুন (ঘ) কুকোন

২৮। রাবার দ্রবণীয় যেটির মধ্যে–

(i) এসিটোন (ii) পেট্রোল (iii) বেনজিন

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। প্রকৃতিতে প্রাপ্ত পলিমার-

(i) সুতা (ii) সিল্ক (iii) পরিবেশ বান্ধব

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০। অনেকগুলো কটন লিন্ট একত্রে বেঁধে কী তৈরি করা হয়?

(ক) সুতা (খ) তন্তু

(গ) বেল বা গাইট (ঘ) কাপড়

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা** বিষয় কোড :

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। নিচের কোন প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন ধরনের?
(ক) খান হোটেল এন্ড রেস্টুরেন্ট
(খ) সখ বুটিক শপ
(গ) শাপলা সমবায় সমিতি
(ঘ) কোহিনুর কেমিক্যালস লি.

২। নিচের কোনটি সরকারি অর্থায়নে আয়ের উৎস?
(ক) প্রাপ্য বিল (খ) ট্রেজারি বিল
(গ) বিনিময় বিল (ঘ) প্রদেয় বিল

৩। WTO এর আত্মপ্রকাশের ফলে–
(ক) শেয়ারের দর বৃদ্ধি পায়
(খ) মূলধন কাঠামো গণিত নির্ভর হয়
(গ) আমদানি-রপ্তানির প্রতিবন্ধকতা হ্রাস পায়
(ঘ) দীর্ঘমেয়াদি বিনিয়োগ বৃদ্ধি পায়

৪। সরকার বৈদেশিক ঋণ গ্রহণ করে থাকে মূলত যার কাছ থেকে–
(i) IDB (ii) ADB (iii) OIC
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। মুনাফা সর্বোচ্চকরণ কোন দশকে অর্থায়নের প্রধান কাজ ছিল?
(ক) ১৯৪০ (খ) ১৯৫০
(গ) ১৯৬০ (ঘ) ১৯৭০

৬। অষ্টাদশ শতাব্দীতে ফিন্যান্স মূলত কী কাজে নিয়োজিত ছিল–
(i) আর্থিক বিবরণী তৈরী
(ii) আর্থিক বিবরণী প্রকাশ
(iii) আর্থিক বিবরণীর বিশ্লেষণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। মূলধন ভিত্তিক অভ্যন্তরীণ উৎসসমূহ হলো–
(i) অবণ্টিত মুনাফা (ii) শেয়ার
(iii) মালিকের মূলধন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮। ক্রেতার জন্য বিনিময় বিল কোনটি?
(ক) প্রাপ্য বিল (খ) প্রদেয় বিল
(গ) ডিবেঞ্চার (ঘ) বন্ড

৯। মজুদ পণ্যের মাধ্যমে অর্থসংস্থানের ক্ষেত্রে মজুদ পণ্যের ওপর কার নিয়ন্ত্রণ থাকে?
(ক) ঋণ গ্রহীতার (খ) বিমা কোম্পানির
(গ) ব্যাংকের (ঘ) ঋণদাতার

১০। ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান কোনটি?
(ক) বাংলাদেশ ব্যাংক (খ) সোনালী ব্যাংক
(গ) শিল্প ব্যাংক (ঘ) গ্রামীণ ব্যাংক

১১। শুধু আসলের ওপর যে সুদ গণনা করা হয় তাকে বলে–
(ক) মোট সুদ (খ) নিট সুদ
(গ) সরল সুদ (ঘ) চক্রবৃদ্ধি সুদ

১২। বাট্টাকরণ প্রক্রিয়া বলতে বোঝায়–
(i) বাট্টায় পরিমাণ নির্ধারণ প্রক্রিয়া
(ii) অর্থের বর্তমান মূল্য নির্ধারণ প্রক্রিয়া
(iii) সুদাসলকে সুদের হার দ্বারা ভাগের প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩। 'রুল ৭২' প্রয়োগ করে নির্ণয় করা যায়–
(ক) আসল টাকা (খ) মেয়াদ
(গ) সুদের পরিমাণ (ঘ) চক্রবৃদ্ধির সংখ্যা

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
মাসিক চক্রবৃদ্ধি ১% হার সুদে ঋণ গ্রহণ করলে প্রকৃত সুদের হার কত?

১৪। প্রকৃত সুদের হার হবে–
(ক) ১২.৬৮% (খ) ১২%
(গ) ১% (ঘ) ১১.৫%

১৫। বন্ডে বিনিয়োগকারীরা কোন ধরনের ঝুঁকি মোকাবিলা করে?
(ক) তারল্য ঝুঁকি (খ) সুদের হারের ঝুঁকি
(গ) আর্থিক ঝুঁকি (ঘ) ব্যবসায়িক ঝুঁকি

১৬। ঝুঁকিবহুল বিনিয়োগে কোনটি বেশি থাকে?
(ক) আয় (খ) ব্যয়
(গ) ক্ষতি (ঘ) উপরিব্যয়

১৭। তারল্য ঝুঁকি নির্ভর করে–

(ক) সুদের হারের ওপর

(খ) বিনিয়োগের মূল্য কমে যাওয়ার ওপর

(গ) বিনিয়োগের নগদায়নের ওপর

(ঘ) অর্থ সরবরাহকারীদের ওপর

১৮। পরিচালনার স্থায়ী খরচ হলো–

(i) কাঁচামাল ক্রয় (ii) বিমা খরচ

(iii) ভাড়া

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯। মুদ্রার বিকল্প হিসেবে কাজ করে–

(i) চেক (ii) পে-অর্ডার

(iii) ব্যাংক ড্রাফট

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০। মানব সৃষ্টি ও সভ্যতার বিবর্তনের সাথে সাথে মানুষের কী বৃদ্ধি পেয়েছে?

(ক) চাহিদার (খ) অর্থের

(গ) লেনদেনের (ঘ) কর্মকাণ্ডের

২১। মুক্তিযুদ্ধের পরবর্তী সময়ে বাংলাদেশে কয়টি ব্যাংকে কার্যকর ছিল?

(ক) ১০টি (খ) ১২টি

(গ) ১৩টি (ঘ) ১৫টি

২২। মুদ্রা আবিষ্কারের পর কয়টি বিষয়ের ওপর ব্যাংক ব্যবস্থার সৃষ্টি হয়?

(ক) ২ (খ) ৩

(গ) ৪ (ঘ) ৫

২৩। ট্রাভেলারস চেক হতে বাণিজ্যিক ব্যাংক কী পেয়ে থাকে?

(ক) সুদ (খ) কমিশন

(গ) বাট্টা (ঘ) মুনাফা

২৪। প্রত্যয়নপত্র কার অনুকূলে ইস্যু করা হয়?

(ক) ব্যাংক (খ) সরকার

(গ) রপ্তানিকারক (ঘ) আমদানিকারক

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫-২৬নং প্রশ্নের উত্তর দাওঃ**

'অগ্রণী' ব্যাংক মোট আয়ের ৭০% ঋণ প্রদান করে থাকে। পে-অর্ডার, চেক, প্রত্যয়নপত্র ইস্যুর মাধ্যমে আয় করে। তাছাড়া ওয়াসার পক্ষেও বিল সংগ্রহ করে থাকে।

২৫। ওয়াসার পক্ষে 'অগ্রণী' ব্যাংক বিল সংগ্রহ করা কোন ধরনের কাজ?

(ক) অবলেখক (খ) প্রতিনিধিত্বকারী

(গ) বাট্টাকারী (ঘ) আদায়কারী

২৬। ওয়াসা হতে অগ্রণী ব্যাংকের আয় কোনটি?

(ক) সুদ (খ) কমিশন

(গ) বাট্টা (ঘ) চার্জ

২৭। কোন ব্যাংকিং সেবার গ্রাহকের পরিচয়ের সত্যতা দরকার হয়?

(ক) ফোন ব্যাংকিং (খ) এসএমএস ব্যাংকিং

(গ) এনি ব্রাঞ্চ ব্যাংকিং (ঘ) ইন্টারনেট ব্যাংকিং

২৮। কোনটিকে ব্যক্তিগত ঋণ বলা হয়?

(ক) ডেবিট কার্ড (খ) ক্রেডিট কার্ড

(গ) এটিএম (ঘ) সুইফট

২৯। কোনটি ব্যবহারের ক্ষেত্রে ব্যাংক হিসাব থাকার বাধ্যবাধকতা নেই?

(ক) ডেবিট কার্ড (খ) ATM কার্ড

(গ) ফোন ব্যাংকিং (ঘ) ক্রেডিট কার্ড

৩০। গ্রাহকের ক্ষেত্রে ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?

(ক) ঋণের সুবিধা (খ) মূলধন গঠন

(গ) আমানত গঠন (ঘ) সঞ্চয় প্রবণতা সৃষ্টি

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

## শ্রেণি – নবম

**বিষয় ঃ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা** বিষয় কোড : ১১২

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। রোগ প্রতিরোধকারী দেবী কে?
(ক) লক্ষ্মী (খ) দুর্গা
(গ) কালী (ঘ) শীতলা

২। "অনল" শব্দের অর্থ কী?
(ক) অগ্নি (খ) বাতাস
(গ) সূর্য (ঘ) চন্দ্র

৩। "নেহ নানাস্তি কিঞ্চন"–এ কথাটি কোন গ্রন্থে বলা হয়েছে?
(ক) ঋগ্‌বেদ (খ) গীতা
(গ) সামবেদ (ঘ) উপনিষদ

৪। দোলযাত্রা মূলত কাদের উৎসব?
(ক) শৈব (খ) শাক্ত
(গ) মতুয়া (ঘ) বৈষ্ণব

৫। কে যোগসূত্রের প্রণেতা?
(ক) যাজ্ঞবল্ক্য (খ) পতঞ্জলি
(গ) বিশ্বামিত্র (ঘ) শ্রী শঙ্করাচার্য

৬। মোক্ষ দ্বারা কী বোঝায়?
(ক) পুনর্জন্ম (খ) চিরমুক্তি
(গ) সান্নিধ্য (ঘ) আরাধনা

৭। নিত্য, মুক্ত ও জ্যোতির্ময় কে?
(ক) ব্রহ্মা (খ) ব্রহ্ম
(গ) বিষ্ণু (ঘ) শিব

৮। "গীতগোবিন্দ" কাব্যের রচয়িতা কে?
(ক) রজনীকান্ত সেন (খ) কুসুমকুমারী দাস
(গ) জয়দেব (ঘ) হর্ষদেব

৯। "সৎসঙ্গ" সংগঠনের মূল স্তম্ভ হলো–
(i) শিক্ষা (ii) কৃষি (iii) শিল্প
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০। কার গঙ্গাস্নানের ইচ্ছা হয়েছিল?
(ক) মায়াদেবীর (খ) লক্ষ্মীদেবীর
(গ) রূপাদেবীর (ঘ) লাভাদেবীর

১১। যোগ সাধনার অন্তরঙ্গ সাধন কয়টি?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ

১২। কেশব ক্লেশহরণ নারায়ণ জনার্দন-প্রার্থনা মন্ত্রটির শিক্ষা কী?
(ক) দুঃখকে জয় করা (খ) অনাহারীকে অন্নদান
(গ) ঈশ্বরকে ভালোবাসা (ঘ) মানুষের কল্যাণ করা

১৩। কোনটি "ওঙ্কার" শব্দের সংক্ষিপ্ত রূপ?
(ক) ক্তঁ (খ) ওঁ
(গ) এঁ (ঘ) ঐ

১৪। কোনো জীবকে হত্যা বা নির্যাতন না করাকে কী বলা হয়?
(ক) অপরিগ্রহ (খ) ব্রহ্মচর্য
(গ) মৃত্যু (ঘ) অহিংসা

১৫। নিচের কোনটি ঋতুভিত্তিক অনুষ্ঠান?
(ক) বর্ষবরণ (খ) নবান্ন
(গ) ভ্রাতৃদ্বিতীয়া (ঘ) দীপাবলি

১৬। শ্বাস গ্রহণ ও ধারণকে বলা হয়–
(i) পূরক (ii) রেচক (iii) কুম্ভক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৭। যত্র জীবঃ তত্র শিবঃ–এখানে শিব বলতে কাকে বোঝানো হয়েছে?
(ক) মানুষকে (খ) অতিথি
(গ) দেবতা (ঘ) ঈশ্বর

১৮। নিরাকার উপাসনার একটি অংশ হলো–
(ক) কর্মযোগ (খ) জ্ঞানযোগ
(গ) ভক্তিযোগ (ঘ) রাজযোগ

১৯। ঈশ্বর কয়টি প্রধান ক্রিয়া সাধন করে থাকেন?
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

২০। "ধী" মূলত কী?
(ক) কর্ম সাধনা (খ) কামনা ও উপাসনা
(গ) প্রজ্ঞা ও জ্ঞান (ঘ) নম্রতা ও ভদ্রতা

২১। কোন অনুষ্ঠানে নারায়ণ দেবতার পূজা করা হয়?
(ক) গৃহপ্রবেশ (খ) চৈত্র সংক্রান্তি
(গ) দীপাবলি (ঘ) রাখীবন্ধন

২২। মালা দেবী যোগসাধনা করছেন। তিনি অপ্রয়োজনীয় কোনো বস্তু গ্রহণ করেন না। যোগে তার কর্মটিকে কী বলা হয়?

(ক) অস্তেয় (খ) সন্তোষ
(গ) ব্রহ্মচর্য (ঘ) অপরিগ্রহ

২৩। শিবনাথ ভগবান বিষ্ণুর উপাসনা করেন। কী হিসেবে তিনি পরিচিত হবেন?

(ক) বৈষ্ণব (খ) শাক্ত
(গ) শৈব (ঘ) ব্রহ্মচারী

২৪। অসুরদের দমন করতে ঈশ্বর পৃথিবীতে অবতীর্ণ হন। এক্ষেত্রে ঈশ্বরের স্বরূপ কোনটি?

(ক) অবতার (খ) ব্রহ্ম
(গ) ভগবান (ঘ) পরমেশ্বর

২৫। রামাই ঘোষ একজন জ্ঞানী ব্যক্তি। তাঁর কাছে ঈশ্বরের পরিচয় কী?

(ক) ব্রহ্ম (খ) পরমাত্মা
(গ) পরমেশ্বর (ঘ) অবতার

২৬। ধর্মাচার পালনের মূল উদ্দেশ্য কী?

(ক) অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন
(খ) জীবনকে সুন্দর করা
(গ) শুধু আনন্দ করা
(ঘ) যজ্ঞ পালন করা

২৭। ব্রহ্মের সঙ্গে সংযোগের প্রচেষ্টাকে কী বলে?

(ক) আসন (খ) সাধনা
(গ) যোগসাধনা (ঘ) আরাধনা

২৮। অর্ধকূর্মাসন করলে মস্তিষ্কের কী ধরনের উপকার হয়?

(ক) গরম হয় (খ) শিথিল হয়
(গ) অশান্ত হয় (ঘ) শান্ত হয়

২৯। বৈশিষ্ট্যগত দিক থেকে ব্রহ্ম হলেন–

(i) শুদ্ধ
(ii) সর্বজ্ঞ
(iii) জ্যোতির্ময়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০। যম-এর অন্তর্ভুক্ত বিষয়গুলো হলো–

(i) অহিংসা, অস্তেয়
(ii) সত্য, ব্রহ্মচর্য, অপরিগ্রহ
(iii) শৌচ, সন্তোষ, তপ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

# মূল্যায়ন পরীক্ষা- ২০২০

**শ্রেণি – নবম**

**বিষয় ঃ বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা** বিষয় কোড : ১১৩

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**দ্রষ্টব্য:** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। সুজাতা বড়ুয়া এমন একজন মহামনীষীর নাম বলেন যিনি মহাকরুণার বাণী দ্বারা পৃথিবীর অতি ক্ষুদ্র প্রাণীকেও রক্ষার প্রেরণা যুগিয়েছেন। এটি কার প্রতি ইঙ্গিত বহন করে?

(ক) কৌণ্ডন্য (খ) অশোক
(গ) অশ্বজিৎ (ঘ) গৌতম বুদ্ধ

২। কথাবত্থু গ্রন্থটিতে কয়টি অধ্যায় আছে?

(ক) ২২টি (খ) ২৩টি
(গ) ২৫টি (ঘ) ২৭টি

৩। অভিধর্মকে কী বলা হয়?

(ক) উচ্চতর ধর্ম (খ) ধর্ম্মসংগনি
(গ) বিভঙ্গ (ঘ) বিনয়

৪। 'রাজকুমার মহাজ্ঞানী বুদ্ধ হবেন'-এ ভবিষ্যদ্বাণী কে করেছিলেন?

(ক) রাজা শুদ্ধোধন (খ) ঋষি অসিত
(গ) রাণী মহামায়া (ঘ) বপ্প

৫। গৌতমবুদ্ধ কোন শতকে আবির্ভূত হয়?

(ক) খ্রি. পূ. ৬ষ্ঠ শতকে (খ) খ্রি. পূ. ৭ম শতকে
(গ) খ্রি. পূ. ৪র্থ শতকে (ঘ) খ্রি. পূ. ৫ম শতকে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬, ৭নং প্রশ্নের উত্তর দাও :**

সন্তান সম্ভবা দেবী বাপের বাড়ি যাওয়ার পথে শিমুল গাছের নিচে বসে বিশ্রাম নেন। সেখানে তিনি একটি ছেলের জন্ম দেন। জন্মের সাতদিন পরে দেবীর মৃত্যু হয়।

৬। উদ্দীপকের ঘটনার সাথে কার ঘটনা সাদৃশ্যপূর্ণ?

(ক) মহামায়া (খ) গোপা দেবী
(গ) সুজাতা (ঘ) বিশাখা

৭। মহামানবের আগমনে জগৎ থেকে মুছে যায়–

(i) দুঃখ (ii) বিষাদ (iii) হর্ষ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮। শুদ্ধানন্দ ভিক্ষু ইহলৌকিক মঙ্গল সাধনার উদ্দেশ্যে দুর্ভিক্ষ ও মহামারী হতে রক্ষা পেতে সূত্র পাঠ করেন।

উদ্দীপকের ঘটনার সাথে কোন সূত্র পাঠ করা হয়?

(ক) করণীয় সূত্র (খ) মঙ্গল সূত্র
(গ) বোজঙ্গ সূত্র (ঘ) মৈত্রী সূত্র

৯। "মাতা যথা নিয়ং পুত্তৎ আবুযা একপুত্তমনুরকখে,
এবম্পি সব্ব ভুতেসু মানসং ভাবযে অপরিমাণং"
এটি কোন সূত্র হতে নেওয়া হয়েছে?

(ক) রতন সূত্র (খ) করণীয় সূত্র
(গ) বোজঙ্গসূত্র (ঘ) মৈত্রী ভাবনা

১০। উৎসের ভিত্তিতে বোধিসত্ত্বকে কয়ভাগে ভাগ করা হয়?

(ক) তিন ভাগে (খ) চার ভাগে
(গ) পাঁচ ভাগে (ঘ) দুই ভাগে

১১। কোন গ্রন্থে আটাশজন বুদ্ধের কথা জানা যায়?

(ক) বুদ্ধবংস (খ) বিনয় পিটক
(গ) অভিধর্ম (ঘ) কথাবত্থু

১২। বোধিসত্ত্ব সুমেধ তাপস কোথায় বাস করতেন?

(ক) অমরাবতী (খ) বৈশাখী
(গ) তপোবনে (ঘ) কপিলাবস্তু

১৩। গৌতমবুদ্ধ কতবার বোধিসত্ত্বরূপে জন্মগ্রহণ করেন?

(ক) ৫৫০ বার (খ) ৬৫০ বার
(গ) ৪৪৯ বার (ঘ) ৭৫০ বার

১৪। সিদ্ধার্থ গৌতমের জন্মের সাথে একইদিনে কে জন্মগ্রহণ করেন?

(ক) বোধিবৃক্ষ (খ) বিশাখা
(গ) সুজাতা (ঘ) সুমেধ তাপস

১৫। ত্রিপিটকের মূল উপজীব্য বিষয় কী?

(ক) বুদ্ধের ধর্মদর্শন (খ) বুদ্ধের বাণী
(গ) ত্রিপিটকের বাণী (ঘ) ধর্মসংগনী

১৬। অভিধর্ম পিটক কয় ভাগে বিভক্ত?

(ক) পঞ্চ প্রকরণ (খ) ষষ্ঠ প্রকরণ
(গ) সপ্ত প্রকরণ (ঘ) অষ্ট প্রকরণ

১৭। রতনসূত্রে নমস্কার করতে বলা হয়েছে–

(i) দেব মানব পুজিত সংঘকে

(ii) বুদ্ধকে

(iii) দেবমান পূজিত ধর্মকে

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii ও iii

(গ) i ও ii (ঘ) i, ii ও iii

১৮। ত্রিরত্ন বলতে কী বোঝায়?

(i) বুদ্ধ (ii) ধর্ম (iii) সংঘকে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i, ii ও iii (ঘ) i ও iii

১৯। সুমেধ তাপস কার কাছে এসে সম্যকসম্বুদ্ধ হওয়ার প্রত্যাশা পূরণের আশীর্বাদ কামনা করেন?

(ক) দীপঙ্কর বুদ্ধের কাছে (খ) আনন্দ বুদ্ধের কাছে

(গ) কৌন্দ্রন্য এর কাছে (ঘ) আর্যমিত্র বুদ্ধের কাছে

২০। বৈশালীতে কত প্রকার উপদ্রব দেখা দিয়েছিল?

(ক) দুই প্রকার (খ) তিন প্রকার

(গ) চার প্রকার (ঘ) পাঁচ প্রকার

২১। ত্রিবিধ উপদ্রব কী?

(i) দুর্ভিক্ষ (ii) অমনুষ্য (iii) মহামারী (iv) রোগ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) iii, i, ও iv (ঘ) i, ii ও iii

২২। বুদ্ধ অষ্টধর্ম শ্রবণ দিবসে কোন সূত্র পাঠ করতে বলেন?

(ক) করণীয় সূত্র (খ) বোজঙ্গ সূত্র

(গ) রতন সূত্র (ঘ) মঙ্গল সূত্র

২৩। রিপন রাতে রাস্তা দিয়ে হাঁটার সময় ভূত দেখে ভয় পান। এ ধরণের বিপদ থেকে রক্ষার জন্য তাকে উচ্চস্বরে কী পাঠ করতে হবে?

(ক) বিনয় পিটক (খ) সংযুক্ত নিকায়

(গ) অভিধর্ম পিটক (ঘ) করণীয় সূত্র

২৪। বৈশালী কাদের গণরাজ্য ছিল?

(ক) শাক্যদের (খ) লিচ্ছবিদের

(গ) বজ্জীদের (ঘ) কোলিয়দের

২৫। রতনসূত্র কোন গ্রন্থের অন্তর্গত?

(ক) খুদ্দক (খ) যমক

(গ) দীর্ঘনিকায় (ঘ) ধাতুকথা

২৬। জীবক মারমা মোগ্‌গলিপুত্র তিষ্য স্থবিরের রচিত গ্রন্থটি পাঠ করেন। এ বিষয়টির সাথে কোন গ্রন্থের মিল পাওয়া যায়?

(i) কথাবত্থু (ii) যমক

(iii) ২৩ অধ্যায় সম্বলিত গ্রন্থ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i, ii ও iii (ঘ) i ও iii

❑ **ত্রিপিটকের একটি পিটক বৌদ্ধ ধর্ম-দর্শনের সমৃদ্ধ আলোচনায় ভরপুর এ পিটকের জ্ঞান ব্যতীত কেউ ধর্মদেশনা করতে পারে না**

২৭। উদ্দীপকে কোন পিটকের ইঙ্গিত রয়েছে?

(ক) সূত্র পিটক (খ) অভিধর্ম পিটক

(গ) বিনয় পিটক (ঘ) খন্ধক

২৮। উক্ত পিটকের জ্ঞান ব্যতীত কেউ ধর্মদেশনা করতে পারে না কারণ–

(i) কাল্পনিক কোন বিষয়ের অবতারণা নেই

(ii) চিত্ত, চৈতসিক, রূপ, নির্বাণের বিশ্লেষণ

(iii) কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের সাহায্যে বিশ্লেষণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i, ii ও iii (ঘ) i ও iii

২৯। বুদ্ধের গুণ কয়টি?

(ক) ৯টি (খ) ৮টি

(গ) ৭টি (ঘ) ৫টি

৩০। সম্যক সম্বুদ্ধকে বুদ্ধগণের মধ্যে সর্বোত্তম বলা হয় কেন?

(ক) তিনি নিরবে সাধনা করেন

(খ) তিনি বার বার জন্ম নেন

(গ) তিনি সর্বোত্তম জ্ঞানের অধিকারী

(ঘ) অন্যদের মুক্তির পথ দেখান